



## বেসরকারী শিক্ষকদের বৈশাখী ভাতার আদেশ

প্রকাশিত: ৩০ - নভেম্বর, ২০১৮ ১২:০০ এ. এম.

জনকণ্ঠ ডেস্ক ॥ বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের কারিগরি ও মাদ্রাসা শিক্ষকদের পাঁচ শতাংশ ইনক্রিমেন্ট ও বৈশাখী ভাতার আদেশ জারি করেছে সরকার। বেসরকারী স্কুল ও কলেজ শিক্ষকদের ইনক্রিমেন্টের আদেশ জারি করা হয়। শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ আলাদা আদেশ জারি করে। মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ গত ২৭ নবেম্বর এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ ২৯ নবেম্বর স্বাক্ষরিত আদেশে বলা হয়, জুন মাসের বেতনের পাঁচ শতাংশ হারে এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীরা বার্ষিক ইনক্রিমেন্ট পাবেন। গত ৩০ জুন যাদের চাকরি ছয় মাস হয়েছে, তারা এই ইনক্রিমেন্ট পাবেন। বেতন বৃদ্ধি কার্যকর হবে আগামী ১ জুলাই থেকে। আদেশে বলা হয়, গত ৩০ জুনের মাসিক বেতনের ২০ শতাংশ হারে বৈশাখী ভাতা পাবেন। ভাতা কার্যকর হবে বাংলা ১৪২৬ সাল থেকে।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাল্ল: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহ্যান্ডিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: [www.dailyjanakantha.com](http://www.dailyjanakantha.com) এবং [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com) ॥ Copyright © All rights reserved by dailyjanakantha.com